ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
১২৪/৯০/৩, ব্লক-বি, সড়ক নং-০২,
পশ্চিম ধানমন্ডি, বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর
www.iau.edu.bd
E-mail: iaupro.bd@gmail.com

স্মারক নং- ইআবি/জনসংযোগ ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০১৯/০০৮৩ তারিখ: ০৮ নভেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

বরাবর
সম্পাদক
সকল দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়া
দৃষ্টি আকর্ষণ: বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার/শিক্ষা রিপোর্টার।
বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা/ইলেকট্রনিক মিডিয়া/অনলাইন মিডিয়াসহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

# শোক সংবাদ

## তাছলিমা ভূইয়ার মৃত্যুতে উপাচার্যসহ বিশ্ববিদ্যালয় পরিবারের গভীর শোক প্রকাশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের সেকশন অফিসার তাছলিমা ভূইয়া আর নেই (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন) আজ সোমবার ভোর ৪.২০ মিনিটে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স ছিল ৩৪ বছর। মৃত্যুকালে তিনি দুই মেয়েসহ অসংখ্য আত্মীয়-স্বজন ও গুনগ্রাহী রেখে গেছেন। আজ বাদ যোহর নরসিংদী জেলার রায়পুরায় মরহুমার নামাজে জানাজা শেষে পারিবারিক কবরস্থানে দাফন করা হবে।

মরহুমার মৃত্যুতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহসহ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। মরহুমার আত্মার মাগফিরাত কামনা করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

উপাচার্যের অনুমোদনক্রমে

৮/১১/২০২১

(ড. মোঃ রফিক আল মামুন)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অনুলিপি:
১. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
২. অফিস নথি।